ইনকিলাব
তারিখ 2 3 APR 2008
পৃষ্ঠা ১২ কলাম ৬

# সবার জন্য শিক্ষা নিশ্চিত করতে শিগগিরই ফ্লেক্সিবল ক্যালেন্ডার প্রণয়ন হবে

## —রাশেদা কে চৌধুরী

স্টাফ রিপোর্টার

'শিক্ষা থেকে শিক্ষার্থী ঝরে পড়া রোধ' শীর্ষক এক গোলটেবিল আলোচনায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা রাশেদা কে চৌধুরী বলেছেন, শিগগিরই প্রাথমিক বিদ্যালয়ে স্থানীয় বিবেচনায় স্থানীয়ভাবে বার্ষিক স্কুল সময়-ক্যালেন্ডার (ফ্লেক্সিবল ক্যালেন্ডার) এবং ছুটি নির্ধারণ করা হবে। তিনি বলেন, পৃ.৪৮৪ক৪৫

## সবার জন্য শিক্ষা নিশ্চিত

*১২-এর পৃষ্ঠার পর*

শিক্ষা ক্ষেত্রে সফলতা অর্জন করতে হলে আমাদের নিজেদের সমস্যা চিহ্নিত করে তা সমাধানে সচেষ্ট হতে হবে। আমাদের দেশের হতদরিদ্র পরিবারের সন্তানদের শিক্ষা কার্যক্রমের সাথে যুক্ত করে রাখা যাচ্ছে না। তারা শিশুসহ নানাধরনের বঞ্চনার শিকার হচ্ছে।

গতকাল প্রেসক্লাবে ইউনেস্কো এবং মিডিয়া প্রফেশনালস গ্রুপ (এমপিজি) আয়োজিত গোলটেবিল আলোচনায় উপদেষ্টা একথা বলেন। ইউনেস্কোর ডিরেক্টর মালামা মেলেশিয়ার সভাপতিত্বে আলোচনায় বক্তব্য রাখেন সাবেক শিক্ষামন্ত্রী ওসমান ফারুক, জিএম কাদের, মুজাহিদুল ইসলাম সেলিম প্রমুখ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মুহাম্মদ সামাদ। গোলটেবিল আলোচনায় ইনডিজেনিয়াস চিলড্রেনস এডুকেশন ফোরামের রিসার্চ ফাইনডিংস তুলে ধরেন মোঃ রেজা মাহমুদ আল হুদা। অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন এমপিজি-এর ডিরেক্টর সমর রায়।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা বলেন, আমাদের দেশের শিক্ষকদের সব বাচ্চাকে সমানভাবে দেখার মানসিকতা নেই। শিক্ষা ক্ষেত্রে সবশ্রেণীর পরিবারের বাচ্চাদের সমান অধিকার নিশ্চিত করতে শিক্ষকদের মানসিকতার পরিবর্তন করা দরকার। উপদেষ্টা তার বক্তব্য শেষে সবার জন্য শিক্ষা বা ইএফএ গ্লোবাল মনিটরিং রিপোর্ট-২০০৮ আনুষ্ঠানিকভাবে প্রকাশ করেন।